ভোরের কাগজ

# মহসীন হল থেকে ছাত্রলীগ নেতা আরিফ গ্রেপ্তার, ৪টি অস্ত্র উদ্ধার

## পুলিশি অভিযানের পরই ফরিদপুর গ্রুপের হল দখল

**কাগজ প্রতিবেদক :** পুলিশের বিশেষ শাখা (এসবি) গতকাল সোমবার ভোরে ঢাকা বিশ্ববিদ্যালয়ের মহসীন হলে আকস্মিক অভিযান চালিয়ে ছাত্রলীগ নেতা আরিফসহ দুজনকে গ্রেপ্তার এবং ২৩২ রাউন্ড গুলিসহ ৪টি আগ্নেয়াস্ত্র উদ্ধার করেছে। উদ্ধারকৃত অস্ত্রের মধ্যে রয়েছে ২টি বিদেশী উন্নতমানের শটগান, ১টি বিদেশী পিস্তল ও একটি কাটা রাইফেল। গ্রেপ্তারকৃতরা বাগেরহাট গ্রুপের এবং পুলিশের অভিযানের পরপরই ঐ হলটি ছাত্রলীগের ফরিদপুর গ্রুপ দখল করে নেয় বলে জানা গেছে।

পুলিশের বিশেষ শাখা সূত্র জানায়, গতকাল সকাল ৭টার দিকে হলের ৪৫৭ নম্বর কক্ষে অভিযান চালিয়ে উল্লিখিত পরিমাণ অস্ত্র ও গুলি উদ্ধার করা হয়। পরে হলের পৃথক একটি কক্ষ থেকে ছাত্রলীগের মহসীন হল শাখার যুগ্ম সম্পাদক আরিফ ও ছাত্রলীগ কর্মী সেলিমকে গ্রেপ্তার করা হয়। গ্রেপ্তারকৃতরা পুলিশকে বলেছে, অস্ত্রের ব্যাপারে তারা জানে না তবে মহসীন হলের ঐ কক্ষে ছাত্রলীগের

● এরপর -পৃষ্ঠা ২ কলাম ৩

### মহসীন হল থেকে ছাত্রলীগ

● প্রথম পাতার পর

নেতাকর্মীদের সভা হতো। সূত্র জানায়, কক্ষটি কারো নামে বরাদ্দ ছিল না। ছাত্রলীগের বাগেরহাট গ্রুপ ঐ কক্ষে নিয়মিত সভা করতো। তাছাড়া পুরো হলটি বাগেরহাট গ্রুপের দখলেই ছিল। এদিকে অস্ত্র উদ্ধার এবং ২ জনকে গ্রেপ্তারের পরপরই ফরিদপুর গ্রুপ ঐ হলটি দখল করে নেয়। এরপরই বাগেরহাট গ্রুপের সমর্থকরা গোপনে হল ত্যাগ করে।